



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা -১ শাখা  
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪৬.১৮.০২৩.১৬.১৭৬

তারিখ: ৬ চৈত্র ১৪২৯  
২০ মার্চ ২০২৩

বিষয়: দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে অবস্থিত পুকুরের চতুর্পার্শ্বে ফুটপাথ নির্মাণের লক্ষ্যে তথ্য প্রেরণ।।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর'র স্মারক নং-২১৭; তারিখ: ২৬ ফেব্রুয়ারি ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে, দিনাজপুর জেলার পার্বতীপুর উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতরে অবস্থিত পুকুরের চতুর্পার্শ্বে ফুটপাথ নির্মাণের প্রস্তাব বিবেচনার লক্ষ্যে নিম্নে বর্ণিত তথ্যাদিসহ প্রকল্প সরেজমিনে তদন্ত করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- মাসিক সভার সিদ্ধান্তের মূলকপি;
- সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী'র কারিগরি প্রতিবেদন;
- বর্তমান অবস্থার রঞ্জিন ছবি;
- প্রস্তাবিত ফুটপাথের মোট পরিমাণ;
- উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের হালনাগাদ ব্যাংক স্থিতির মূলকপি; এবং
- সাশ্রয় নীতি অবলম্বন করে যৌক্তিক প্রাক্কলন প্রস্তুতকরণ।

২০-৩-২০২৩

মাহবুবা আইরিন  
উপসচিব

উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।

ফোন: ০২২২৩৩৮২২৪৭

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪৬.১৮.০২৩.১৬.১৭৬/১(৬)

তারিখ: ৬ চৈত্র ১৪২৯  
২০ মার্চ ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- জেলা প্রশাসক, দিনাজপুর।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর।
- সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।

- ৪) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পার্বতীপুর, দিনাজপুর  
৫) ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পার্বতীপুর, দিনাজপুর।  
৬) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ।



২০-৩-২০২৩

মাহবুবা আইরিন  
উপসচিব